তারিখ 24 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

দৈনিক বাংলা

# অগ্রসর স্কুলসমূহে একাদশ ও দ্বাদশ শ্রেণী খোলার সিদ্ধান্ত

সরকার দেশে ক্রমবর্ধিষ্ণু ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তির সুযোগদানের জন্য শিক্ষার কাঠামোগত পরিবর্তনের মাধ্যমে মাধ্যমিক স্তরের শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে দেশের বিদ্যমান অগ্রসর ও আগ্রহী প্রতিষ্ঠানসমূহে বর্তমান ব্যবস্থাপনা কমিটি ও প্রাতিষ্ঠানিক কর্তৃত্ব বিদ্যমান রেখে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক অগ্রাধিকার ভিত্তিতে: একাদশ ও দ্বাদশ শ্রেণী খোলার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাছাড়া মহানগর, বিভাগ ও জেলা সদরে অবস্থিত অগ্রসর ও সুপ্রতিষ্ঠিত বেসরকারী স্কুল এবং স্কুল ও কলেজসমূহকে শাখা স্কুল অথবা স্কুল ও কলেজ খোলার অনুমতি প্রদান করা হবে। খবর তথ্য বিবরণীর।

শিক্ষার্থী ও অভিভাবকদের ভর্তি সংক্রান্ত দুঃশ্চিন্তা দূরীভূত করা ও এ সম্পর্কিত সমস্যাকে আরো কার্যকরভাবে মোকাবিলার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে উপরোল্লিখিত সিদ্ধান্তটি রোববার ঘোষণা করা হয়েছে।

উল্লেখ্য, দেশের সরকারী ও বেসর-

(৫-এর পৃঃ দ্রঃ)

## অগ্রসর স্কুলসমূহে

(প্রথম পৃষ্ঠার পর)

কারী শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক শ্রেণীসমূহে ভর্তির সমস্যা নিরসনকল্পে শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হকের সভাপতিত্বে ঢাকা মহানগরীর বিভিন্ন কলেজের অধ্যক্ষদের এক সভা ২৪ আগস্ট (বৃহস্পতিবার) শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সে সভায় ভর্তির সমস্যা নিরসনকল্পে গৃহীত সিদ্ধান্তসমূহ পত্রিকায় প্রকাশিত হয়েছে এবং সিদ্ধান্তগুলো কার্যকর হবে।

সরকার সিদ্ধান্তগুলো শীঘ্র বাস্তবায়নের জন্য ইতিমধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, শিক্ষা বোর্ডসমূহ ও সংশ্লিষ্ট দফতর ও সংস্থাসমূহকে পরিপত্রের মাধ্যমে নির্দেশনা জারী করেছে। এ সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালকের দফতর থেকে প্রদান করা হবে।